



নির্বাচন কমিশন সচিবালয়  
শেরে বাংলা নগর, ঢাকা

ই মেইল: Precs @dhaka.net

ওয়েব সাইট : www.ecs.gov.bd

ফোন : ৮১১৩৬০১, ৮১১৬৮৪৬, ৮১২৪২০৫-৭

ফ্যাক্স : ৯১২৯৭৭৩

নিকস/জঃসঃ/প্রেস রিলিজ/২০০৫/১৪১৫

তারিখঃ ১৮/৫/২০০৬

সংবাদ বিজ্ঞপ্তি

ভোটার তালিকা সংক্রান্ত সংবাদের প্রতিবাদ :

দৈনিক প্রথম আলো পত্রিকার ১৮ মে ২০০৬ তারিখে প্রকাশিত এবং চ্যানেল আই এর ১৭ মে ২০০৬ তারিখে খবরে প্রচারিত “ভুয়া ভোটার করতে নির্বাচন কমিশন নির্দেশ দিয়েছিল” শীর্ষক খবরের প্রতি নির্বাচন কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। খবরটি সম্পূর্ণ মিথ্যা, বিভ্রান্তিকর এবং উদ্দেশ্য প্রনোদিত। নির্বাচন কমিশন কখনই এধরনের কোন নির্দেশ কাউকে প্রদান করে নাই।

প্রকৃত তথ্য এই যে, থানা নির্বাচন অফিসার মোহাম্মদপুর বিভিন্ন ভোটারের নিকট হতে এই মর্মে অবগত হন যে ৪১নং ওয়ার্ডের পশ্চিম আগারগাঁও এলাকার বেশ কিছু ভোটার এর নাম বাদ পড়েছে। তিনি বিষয়টি জেলা নির্বাচন অফিসার-৩ ঢাকা এবং রেজিস্ট্রেশন অফিসারকে অবহিত করতঃ বিষয়টি সরেজমিনে যাচাই করেন। অতঃপর থানা নির্বাচন অফিসার মোহাম্মদপুর ৪১নং ওয়ার্ডের একাংশের তথ্য সংগ্রহকারী জনাব আতিকুল ইসলামকে দিয়ে বিষয়টি যাচাই-বাছাই করতঃ ২নং ফরম পূরণের ব্যবস্থা গ্রহণ করেন। অতঃপর উপ-নির্বাচন কমিশনার, ঢাকার নির্দেশে ৫টি তদন্ত দল পুনরায় বিষয়টি সরেজমিনে যাচাই বাছাই করে ৮৯৯ জন ভোটারযোগ্য ভোটারকে চিহ্নিত করেন। উক্ত তথ্যের ভিত্তিতে জেলা নির্বাচন অফিসার ঢাকা-৩ এবং রেজিস্ট্রেশন অফিসার জনাব শামছুল আলম উক্ত ভোটারযোগ্য ৮৯৯ জনের নাম পুনরায় যাচাই করে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মোঃ আমিনুল হক ভুইয়া সহকারী রেজিস্ট্রেশন অফিসার ৪১নং ওয়ার্ড (অংশ)কে পত্রের মাধ্যমে অনুরোধ জানান। কিন্তু সহকারী রেজিস্ট্রেশন অফিসার জনাব আমিনুল হক ভুইয়া প্রাথমিকভাবে প্রমানিত ৮৯৯জন ভোটারকে খসড়া তালিকায় অন্তর্ভুক্ত না করে একটি বিভ্রান্তিমূলক মিথ্যা তথ্য কতিপয় প্রচারমাধ্যমে উদ্দেশ্যপ্রণোদিতভাবে প্রকাশ করেছেন। প্রকৃতপক্ষে বর্ণিত ভোটারসমূহকে খসড়া ভোটার তালিকায় আদৌ অন্তর্ভুক্ত করা হয়নি।

ভোটার তালিকার বিষয়ে বিভ্রান্তি সৃষ্টির লক্ষ্যে শেরে বাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক জনাব আমিনুল হক ভুইয়া যাহাকে ৪১নং ওয়ার্ডের সহকারী রেজিস্ট্রেশন অফিসার হিসাবে নিয়োগ দেয়া হয়েছে, তিনি যে বক্তব্য প্রদান করেছেন তা তদন্ত করে দেখা হচ্ছে। তদন্তে দোষী প্রমানিত হলে আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, ভোটারযোগ্য যে কোন ব্যক্তির নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্তির বিধান আইনে রয়েছে।

(এস এম আসাদুজ্জামান)

জনসংযোগ কর্মকর্তা (সিঃসিঃ)

ফোন : ৮১১৪১৭৬

বাসা : ৮০৫৩৪৭৬